



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৬২০৪

টেলিফোন নম্বর: (০৭২১)-৭৫০৭৯৮, ফ্যাক্স : +৮৮০-৭২১-৭৫০৯৩৫
E-mail : registrar@ruet.ac.bd, ওয়েবসাইট: www.ruet.ac.bd

স্মারক নং- ২২২০

তারিখঃ ২২/০১/২০১৭ খ্রি:।

১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তির জন্য গত ২৬ অক্টোবর ২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২১/০১/২০১৭ খ্রিঃ তারিখে উপস্থিত প্রার্থীদের মধ্য থেকে মেধাক্রম অনুযায়ী ১০ (দশ) জন (২নং পৃষ্ঠায় মেধাক্রম ছকে বর্ণিত)কে ভর্তির জন্য নির্বাচিত করা হলো।

সংশ্লিষ্ট প্রার্থীদের অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিমিত্তে নিম্নলিখিত কাগজপত্রাদি জমা প্রদান করতে হবেঃ

- (১) এসএসসি অথবা সমমানের পরীক্ষার মূল সার্টিফিকেট,
- (২) এসএসসি অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট,
- (৩) এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট,
- (৪) এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড,
- (৫) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র,
- (৬) সত্যায়িত ব্যতিরেকে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙীন ছবি (ফরমাল পোশাকে)।

এতদ্ব্যতীত কোন অনুমোদিত প্যাথলজি হতে নিম্নলিখিত পরীক্ষাগুলো সম্পন্নপূর্বক রিপোর্ট ভর্তির দিন অত্র বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত মেডিক্যাল অফিসারের নিকট জমা প্রদান করতে হবেঃ

- ১। HB%, ESR
- ২। Hbs Ag
- ৩। Urine for R/M/E
- ৪। CXR(P-A) view (Digital)

অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-৩ এ নির্ধারিত কমিটির নিকট সনদসমূহ যাচাইয়ের জন্য উপস্থিত হতে হবে। অন্য প্রতিষ্ঠানে ভর্তিকৃত প্রার্থীদের উক্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান)-এর নিকট হতে এই মর্মে সার্টিফিকেট আনতে হবে যে, সে অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলে তাকে ছাড়পত্র দেয়া হবে এবং তার সনদপত্রসমূহ ফেরৎ দেয়া হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের সনদপত্র যাচাই-এর সময় ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের শিক্ষা বৃত্তান্ত, ছাত্র/ছাত্রী নিবন্ধীকরণ ফরম, ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীর সনদপত্রাদি জমার ফরম ও তাদের বিভাগের পছন্দক্রম নির্ধারিত ফরম (মোট চারটি) ওয়েব সাইট (www.ruet.ac.bd) হতে ডাউনলোড করে অবশ্যই যথাযথ ভাবে পূরণ করে সংগে আনতে হবে। বিভাগ নির্ধারণ মেধা ও পছন্দের ক্রম অনুসারে হবে। প্রাথমিক পর্যায়ে ছাত্র/ছাত্রীদেরকে যে বিভাগই প্রদান করা হোক না কেন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে তাদের মেধা ও পছন্দের ক্রম অনুসারে বিভাগ নির্ধারণ চূড়ান্ত করা হবে।

সনদপত্রাদি যাচাইয়ের পর একই তারিখে স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা প্রদানপূর্বক তাদেরকে ভর্তি হতে হবে। ভর্তির সময় সর্বমোট ১৬,০০০/- (ষোলো হাজার) টাকা লাগবে। কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তির যোগ্যতা বাতিল হয়ে যাবে এবং আসন খালি থাকা সাপেক্ষে ২১/০১/২০১৭ খ্রিঃ তারিখে উপস্থিত প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী পর্যায়ক্রমে খালি/শূন্য আসনে ভর্তি করা হবে।


বিশেষ দ্রষ্টব্য :

- ১। অনবধানতাবশতঃ কোন প্রকার ভুলত্রুটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক যে কোন সময় সংশোধনযোগ্য।
- ২। অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে হলসমূহে ছাত্র/ছাত্রীদের সীট খালি না থাকলে ছাত্র/ছাত্রীদের নিজ দায়িত্বে থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।

১ম বর্ষ স্নাতক (২০১৬-১৭ শিক্ষাবর্ষ) কোর্সে ভর্তিসনদপত্রাদি যাচাই, স্বাস্থ্য পরীক্ষা, ভর্তি,

পরিজ্ঞান সভা ও ক্লাশ শুরুর তারিখ

ক্রমিক নং	ভর্তির বিবরণ	ভর্তির তারিখ	ভর্তির সময়
১।	খালি থাকা আসনে ভর্তির জন্য ১০ (দশ) জনকে ২১/০১/২০১৭ খ্রিঃ তারিখে উপস্থিত মেধা অনুযায়ী ভর্তি করা হবে। মেধাক্রম সমূহঃ ৩২৭৮, ৩২৮২, ৩২৮৩, ৩২৯১, ৩২৯৫, ৩৩০২, ৩৩০৬, ৩৩১৪, ৩৩১৬, ৩৩২৮।	২৫/০১/২০১৭ বুধবার	সকাল ৯.০০ টা
২।	ভর্তিকৃত যে সকল ছাত্র/ছাত্রী ভর্তির সময় সকল সনদপত্র জমা দেয়নি কিন্তু তাদের একটি নির্দিষ্ট তারিখে জমা দিতে বলা হয়েছে কিন্তু উক্ত তারিখের মধ্যে এখন পর্যন্ত জমা করেনি তাদের ভর্তি বাতিল করে এবং অন্যান্যভাবে আসন খালি থাকলে ২১/০১/২০১৭ খ্রিঃ তারিখে উপস্থিত মেধা অনুযায়ী ভর্তি করা হবে (খালি আসনের মেধাক্রম ২৫/০১/২০১৭ খ্রিঃ তারিখে জানানো হবে)।	২৭/০১/২০১৭ শুক্রবার	সকাল ৮.৩০ টা
৩।	পরিজ্ঞান দিবস	২৭/০১/২০১৭ শুক্রবার	সকাল ৯.০০ টা
৪।	ক্লাশ শুরু	২৮/০১/২০১৭ শনিবার	সকাল ৮.০০ টা


(প্রফেসর মোহঃ আবদুস সোবহান)

সভাপতি

১ম বর্ষ ভর্তি পরীক্ষা কমিটি ২০১৬-২০১৭

ও

ডীন, ফ্যাকাল্টি অব সিভিল ইঞ্জিনিয়ারিং
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।